গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রেস-২ শাখা

# প্রজ্ঞাপন

তারিখ : ...................... বঙ্গাব্দ/ ......................... খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং .........................আইন/২০১৫- বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪-এর ১৬ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের উদ্দেশ্যপূরণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন।

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :** (১) এই বিধিমালা 'বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১৫' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়-

(ক) আইন তফসিল, ট্রাস্ট, বোর্ড, চেয়ারম্যান, ধারা, ফরম, পরিবার, ব্যবস্থাপনা পরিচালক, সদস্য, সাংবাদিক ইত্যাদি শব্দ বা শব্দগুচ্ছ মূল আইনের ২ ধারায় প্রদত্ত অর্থে ব্যবহৃত হইবে।

(খ) 'অসচ্ছল' বলিতে বার্ধক্যজনিত, শারীরিক অক্ষমতা কিংবা দূর্ঘটনাজনিত কারণে উপার্জনে অক্ষম অথবা অন্য কোন উৎস হইতে জীবন ধারণের জন্য সন্তোষজনক আয় নাই এমন সাংবাদিককে বুঝাইবে।

(গ) 'উন্নয়ন প্রকল্প' বলিতে বাংলাদেশে সাংবাদিকদের আর্থসামাজিক কল্যাণে আবাসনসহ সকল উন্নয়ন পরিকল্পনা বা কার্যক্রম গ্রহণ করা বুঝাইবে।

৩। **উদ্দেশ্য ও লক্ষ্য :**

'বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪' এর ৭ ধারায় উল্লিখিত কার্যাবলিকেই ট্রাস্টের উদ্দেশ্য ও লক্ষ্য হিসাবে গণ্য করা হইবে।

৪। **অনুদান/ভাতা পাওয়ার জন্য প্রার্থীর যোগ্যতা :**

(ক) আবেদনকারীকে অবশ্যই সাংবাদিক হইতে হইবে।
(খ) অনুদান/ভাতা গ্রহীতাকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
(গ) আবেদনকারীকে ''আর্থিকভাবে অসচ্ছল'' হইতে হইবে।
(ঘ) আবেদনকারী অবশ্যই তফসিলে বর্ণিত নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদন করিতে হইবে।

৫। **প্রার্থী বাছাই পদ্ধতি :**

(ক) প্রতি বছরের জানুয়ারি মাসের মধ্যে কেন্দ্রীয়ভাবে বোর্ড কর্তৃক আবেদন আহবান করিয়া গণমাধ্যম এবং তথ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করিবে।

(খ) অনুদান গ্রহণে আগ্রহী সাংবাদিকদেরকে পূরণকৃত নির্ধারিত আবেদন ফরম ও প্রয়োজনীয় চাহিদাকৃত কাগজপত্রসহ বিজ্ঞপ্তিতে ঘোষিত সময়ের মধ্যে জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়ে এবং ঢাকা মহানগীর ক্ষেত্রে জাতীয় কমিটির কার্যালয়ে দাখিল করিতে হইবে। অনুদান প্রাপ্তির জন্য প্রতিবছরে আবেদন করা যাইবে।

(গ) জাতীয় কমিটি অনুদান প্রদানের জন্য জেলা কমিটির সুপারিশকৃত ও ঢাকা মহানগরীর যোগ্য আবেদনকারী সাংবাদিকদের বাছাইয়ের দায়িত্ব পালন করিবে।

(ঘ) জেলা কমিটি অনুদান প্রদানের জন্য জেলার যোগ্য আবেদনকারি সাংবাদিকদের বাছাইয়ের দায়িত্ব পালন করিবে।

চলমান পাতা-২

(ঙ) জেলা কমিটির সুপারিশকৃত তালিকাসহ আবেদনপত্র জাতীয় কমিটির বিবেচনার জন্য ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করিবে।

(চ) প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় কমিটি যাচাই-বাছাই করিয়া অনুদান/বৃত্তি প্রাপ্যদের তালিকা চূড়ান্ত করিবে এবং প্রকল্প অনুমোদনের সুপারিশ করিবে।

(ছ) বোর্ড জাতীয় কমিটি কর্তৃক সুপারিশ বিবেচনা করিয়া আবেদনকারি সাংবাদিকদের অনুদানের বিষয়টি চূড়ান্ত করিয়া ব্যবস্থাপনা পরিচালক বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মঞ্জুরি আদেশ জারি করিবে।

(জ) দরখাস্ত আহবানের সময় অতিক্রান্ত হইলেও বিশেষ ক্ষেত্রে সাংবাদকর্মীর অকালমৃত্যু বা দূরারোগ্য ব্যাধিজনিত কারণে হাসপাতালে ভর্তি অবস্থায় চিকিৎসা ব্যয়ের জন্য তাৎক্ষণিক সাহায্যের প্রয়োজনে নির্ধারিত ফরমে আবেদন করা যাইবে। এই সব ক্ষেত্রে মাননীয় তথ্যমন্ত্রী/সচিবের অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অনুদান মঞ্জুর করিতে পারিবেন। পরবর্তী বোর্ড সভায় উহা ঘটনোত্তর অনুমোদনের জন্য পেশ করা হইবে।

৬। **বাছাই কমিটির গঠন ও কার্যাবলি :**

জাতীয় কমিটি নিম্নরূপ সদস্যের সমন্বয়ে গঠিত হইবে :

| | | |
|---|---|---|
| ১ | সচিব, তথ্য মন্ত্রণালয় ও সহ-সভাপতি, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা। | সহ-সভাপতি |
| ৩ | প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। | সদস্য |
| ৪ | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা। | সদস্য |
| ৫ | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৬ | মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৭ | বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্ট-এর ২ (দুই) জন প্রতিনিধি। | সদস্য |
| ৮ | ঢাকা ইউনিয়ন অব জার্নালিস্ট-এর ২ (দুই) জন প্রতিনিধি। | সদস্য |
| ৯ | ঢাকা রিপোটার্স ইউনিটি-এর ২ (দুই) জন প্রতিনিধি। | সদস্য |
| ১০ | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা। | সদস্য-সচিব। |

৭। **জাতীয় কমিটির কার্যাবলি :**

জাতীয় কমিটি ঢাকা মহানগরের এবং জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত সাংবাদিকদের আবেদন এবং প্রকল্প প্রস্তাব চূড়ান্ত করিয়া বোর্ডের নিকট পেশ করিবে। ইহা ছাড়াও প্রয়োজনে জাতীয় কমিটি বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট-এর কার্যক্রম বাস্তবায়নে নীতিনির্ধারণের সুপারিশ এবং দিক-নির্দেশনামূলক প্রস্তাব বোর্ডের নিকট প্রেরণ করিবে।

৮। **জেলা কমিটি গঠন :**

দেশের সকল জেলার জন্য নিম্নরূপ সদস্যের সমন্বয়ে জেলা কমিটি গঠিত হইবে :

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৩. | স্থানীয় সরকারি কলেজের অধ্যক্ষ ১(এক) জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা) | সদস্য |
| ৫. | প্রেসক্লাব-এর ২ (দুই) জন প্রতিনিধি | সদস্য |
| ৬. | জেলা তথ্য অফিসার | সদস্য-সচিব |

চলমান পাতা-৩

৯। **জেলা কমিটির কার্যাবলি :**

জেলার সাংবাদিকদের আবেদন এবং প্রাপ্ত প্রকল্প প্রস্তাবনা যাচাই/বাছাই করিয়া অনুদান প্রদানের জন্য সুপারিশ সহকারে জাতীয় কমিটির বিবেচনার জন্য ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করিবে।

১০। **কমিটির মেয়াদকাল :**

অনুচ্ছেদ ৭ ও ৮ এ বর্ণিত কমিটির মনোনিত সদস্য পরিবর্তিত হইলে সময় সময় কমিটি পুনর্গঠন করা যাইবে।

১১। **তহবিল ব্যবস্থাপনা :**

(ক) ট্রাস্টের সকল অর্থ 'চলতি তহবিল' নামে পরিচালিত ব্যাংক হিসাবে জমা করিতে হইবে;

(খ) বোর্ডের অনুমোদক্রমে ট্রাস্টের স্থায়ী তহবিল হিসাবে রক্ষিত স্থায়ী আমানতের সুদ/লভ্যাংশ বাবদ জমাকৃত অর্থের সর্বোচ্চ ৫০% অর্থ ট্রাস্টের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে ব্যয়ের নিমিত্ত 'চলতি তহবিলে' স্থানান্তর করা যাইবে;

(গ) বোর্ডের অনুমোদনক্রমে 'চলতি তহবিল' হইতে নির্দিষ্ট পরিমাণ অর্থ স্থায়ী তহবিলে স্থানান্তর করা যাইবে;

(ঘ) ট্রাস্টের ব্যাংক হিসাব ব্যবস্থাপনা পরিচালক ও বোর্ড কর্তৃক মনোনিত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে;

(ঙ) ট্রাস্টের সকল লেনদেন চেক এর মাধ্যমে পরিচালিত হইবে;

(চ) ট্রাস্টের দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য ব্যবস্থাপনা পরিচালক সর্বোচ্চ ২৫,০০০/- টাকা 'ইমপ্রেস্ট' হিসাবে অগ্রিম উত্তোলনপূর্বক সংরক্ষণ করিতে পারিবে। উক্ত অর্থ সমন্বয়পূর্বক সময় সময় প্রয়োজনীয় অগ্রিম উত্তোলন করা যাইবে।

১২। **অনুদান/ভাতা প্রাপ্ত সাংবাদিকদের তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি :**

(ক) ট্রাস্ট বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্টস (বিএফইউজে)-এর সহযোগিতায় জেলা ও মহানগর ভিত্তিক সাংবাদিকদের তালিকা হাল-নাগাদ সংরক্ষণ করিবে এবং সকল অনুদান/ভাতা গ্রহীতার তালিকা সংরক্ষণ করিবে।

১৩। **অনুদান/ভাতা প্রদানের পদ্ধতি :**

(ক) ট্রাস্টের সামর্থ্য বিবেচনায় বোর্ড কর্তৃক অনুমোদিত হারে অনুদান/ভাতা প্রদান করা হইবে।

(খ) বিশেষ পরিস্থিতিতে পরবর্তী বোর্ডের সভায় অনুমোদন সাপেক্ষে বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে অনুদান/ভাতা প্রদান করা যাইবে।

(গ) যে কোন তফসিলভুক্ত ব্যাংকের একটি পৃথক হিসাবে অনুদানের টাকা জমা থাকিবে। সংশ্লিষ্ট সুবিধাভোগীদেরকে চেকের (কেবলমাত্র প্রাপকের হিসাবে প্রদেয়) মাধ্যমে উক্ত হিসাব হইতে অনুদান প্রদান করা হইবে।

চলমান পাতা-৪

১৪। **সাধারণ নিয়মাবলী :**

(ক) সরকার সময় সময় অনুদান/ভাতা-এর সর্বনিম্ন ও সর্বোচ্চ হার নির্ধারণ করিয়া প্রজ্ঞাপন জারি করিবে এবং উক্ত নির্ধারিত হারে ভাতা প্রদান করা যাইবে।

(খ) ট্রাস্ট বোর্ডের অনুমোদনক্রমে সাংবাদিকদের কল্যাণার্থে আবাসন প্রকল্পসহ উন্নয়ন প্রকল্প গ্রহণ করিতে পারিবে।

(গ) ট্রাস্ট বোর্ডের অনুমোদনক্রমে অসচ্ছল অসমর্থ সাংবাদিকদের চিকিৎসার জন্য অনুদান প্রদান করিতে পারিবে।

(ঘ) অসচ্ছল সাংবাদিকদেরকে বোর্ডের অনুমোদনক্রমে তাহাদের বা তাহাদের সন্তানদের (পোষ্য) শিক্ষার জন্য এককালীন অনুদান/বৃত্তি প্রদান করিতে পারিবে।

(ঙ) আবেদনপত্রে বিবৃত কোন তথ্য অসত্য বলিয়া প্রমাণিত হইলে আবেদনকারী অনুদান/ভাতা প্রাপ্তির জন্য বিবেচিত হইবেন না।

(চ) অনুদান মঞ্জুরির পর উহা গ্রহণের পূর্বে আবেদনকারির মৃত্যু হইলে বোর্ডের অনুমোদনক্রমে মঞ্জুরিকৃত অর্থ তাহার বিধবা স্ত্রী/ স্বামী/সন্তান বা পিতা/মাতাকে প্রদান করা যাইবে।

১৫। সরকার সময় সময় এই বিধিমালায় প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( মরতুজা আহমদ )
সচিব
তথ্য মন্ত্রণালয়।